মেহেরপুরে ইয়াবাসহ এক যুবক আটক

মেহেরপুর শহরের নতুনপাড়া চুলকানির মোড় এলাকায় অভিযান চালিয়ে মাসুদ পারভেজ (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে ইয়াবাসহ আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

সোমবার সন্ধ্যার দিকে মাসুদ পারভেজ আটক করা হয়। মাসুদ পারভেজ মেহেরপুর শিশুবাগান পাড়ার কামরুল ইসলাম ওরফে খোকন এর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির ইন্সপেক্টর খোন্দকার শাহ আলম এর নেতৃত্বে এসআই রুবেল আহমেদ এএসআই (নি:) আহসান হাবীব সহ সঙ্গীয় নিয়ে মেহেরপুর শহরের নতুনপাড়া চুলকানি মোড় এলাকায় অভিযান চালিয়ে মাসুদ পারভেজ কে গ্রেফতার করে।

এসময় তার কাছ থেকে ১০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও দুটি মামলা বিচারাধীন আছে।

ঝিনাইদহে আ’লীগ এমপি’র মেয়ে নিয়ে লাপাত্তা স্বেচ্ছাসেবক দলের সভাপতি

রাজনীতির মাঠে বিরোধ আছে। আছে আদর্শগত মতপার্থক্য। কিন্তু প্রেম ভালোবাসা মানে না কুটিল রাজনীতি ও আদর্শগত মতপার্থক্যের বেড়াজাল। যুগে যুগে প্রেম অমর অবিনশ্বর। তাইতো প্রেমের টানে ঘর ছেড়েছেন ঝিনাইদহ সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য আ’লীগ নেত্রী খালেদা খানমের মেয়ে সোহেলী আহম্মদ ও জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজেদুর রহমান পপ্পু।

তাদের এই অজানার উদ্দেশ্যে পাড়ি জমানোর খবর ঝিনাইদহ শহরে টক অব দি টাউনে পরিণত হয়েছে। এ ঘটনায় সোহেলীর স্বামী বিল্লাল হোসেন

লিটন বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি অপহরণ মামলা দায়ের করেছেন।

জানা যায়, ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের সংসদ সদস্য খালেদা খানম’র মেয়ে সোহেলী আহম্মেদ শহরের ০৩ নং পানির ট্যাংকীপাড়ায় মায়ের বাসায় থাকতেন। প্রতিবেশী ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজেদুর রহমান পপ্পুর সাথে সোহেলীর পরকীয়া প্রেমের সম্পর্ক গড়ে ওঠে।

গত ১১ আগস্ট সন্ধ্যায় তারা অজানার উদ্দেশ্যে পাড়ি জমায়। এ ঘটনার পর সোহেলীর স্বামী বিল্লাল হোসেন লিটন বাদি হয়ে সাজেদুর রহমান পপ্পু ও একই এলাকার তৌফিক হোসেনের নাম উল্লেখ করে ঝিনাইদহ সদর থানায় একটি অপহরণ মামলা দায়ের করেন।

মামলায় উল্লেখ করা হয়, বেশ কয়েকদিন যাবত সোহেলীকে আসামীরা উত্যক্ত করাসহ বিভিন্ন ভাবে প্রলোভন দেখিয়ে আসছিল। ১১ আগস্ট সন্ধ্যায় সোহেলীকে পপ্পু ও তৌফিক অপহরণ করে নিয়ে যায়। এ ব্যাপারে বিল্লাল হোসেন লিটন বলেন, প্রায় এক সপ্তাহ পার হয়ে গেলেও আমার স্ত্রীকে পুলিশ উদ্ধার করতে পারেনি।

সংরক্ষিত মহিলা আসনের এমপি খালেদা খানম বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, তার রানৈতিক প্রতিপক্ষ তার অবস্থান ও সম্মান ক্ষুন্ন করার জন্য মেয়েকে অপহরণ করেছে। তিনি তার মেয়ের জীবন নিয়ে আশংকা প্রকাশ করে আবেগজড়িত কন্ঠে জানান, অপহরণের পর তার মেয়ে বেঁচে আছে কিনা তা নিয়েও আমি শংকিত। তিনি তার মেয়েকে অক্ষত ভাবে উদ্ধারের দাবী জানিয়েছেন।

ঝিনাইদহ সদর থানার পরিদর্শক (তদন্ত) এমদাদুল হক বলেন, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাদের অবস্থান নিশ্চিত সনাক্ত করার চেষ্টা চলছে। তবে এটি অপহরণ নাকি প্রেমের সম্পর্কের জের ধরে স্বেচ্ছায় বাড়ি ছেড়েছেন তা সোহেলীকে উদ্ধারের পর নিশ্চিত হওয়া যাবে। মামলাটি ঝিনাইদহ সদর থানার এসআই আজিজুল ইসলাম তদন্ত করছেন।

উল্লেখ্য, মহিলা এমপির কন্যা সোহেলীর ১০ বছরের একটি মেয়ে রয়েছে। তিনি সম্প্রতি ঝিনাইদহ সিদ্দিকীয়া আলীয়া মাদ্রাসায় চাকরীও নিয়েছেন। অন্যদিকে সাজেদুর রহমান পপ্পুর স্ত্রী শৈলকুপার একটি ডিগ্রী কলেজের শিক্ষক। এই দম্পত্তির ও সন্তান রয়েছে।

মেহেরপুরে ৯ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ০৯ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ০২ জন, গাংনীতে ০৭ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৪৩ টি। তারমধ্যে ০৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩৩১ জন। তার মধ্যে সদরে ৬২ জন, গাংনীতে ১৯৫ জন এবং মুজিবনগরে ৭৪ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৩ জন । মৃতদের মধ্যে সদরে ৮০ জন, গাংনী ৫৪ জন ও মুজিবনগরে ৩৯ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

ছাত্রীকে বাড়িতে একা পেয়ে ধর্ষণের চেষ্টা, যুবক গ্রেফতার

কুষ্টিয়ার কুমারখালীতে কলেজছাত্রীকে (১৯) ধর্ষণের চেষ্টার অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। গত রোববার দুপুরে ছাত্রীর বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। গতকাল সোমবার কুমারখালী থানায় আসামির বিরুদ্ধে ধর্ষণ চেষ্টার মামলা হয়েছে। গ্রেপ্তারকৃত যুবক গাফফার হোসেন (২০) শিলাইদহ ইউনিয়নের বেলগাছি গ্রামের মুসা মন্ডলের ছেলে। সে অনার্স প্রথম বর্ষের ছাত্র।

পুলিশ ও এজাহার সূত্রে জানা যায়, দুপুর ১২ টার দিকে বাড়িতে কেউ না থাকা অবস্থায় ওই ছাত্রী ঘরের দরজা খোলা রেখে শুয়ে ছিলো। এসময় গাফফার তাদের বাড়িতে আসে এবং ছাত্রীকে একা পেয়ে তাকে জাপটে ধরে শ্লীলতাহানির চেষ্টা করে।

ছাত্রীটির চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে গাফফারকে আটকে রেখে পুলিশে খবর দেয়। পুলিশ এসে দুজনকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। পরে ওই ছাত্রীর ভাই বাদী হয়ে গাফফারের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেন।

এ ব্যাপারে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, খবর পেয়ে তাৎক্ষণিক পুলিশ পাঠিয়ে দিয়ে গাফফার নামের যুবককে থানায় আনা হয়। পরে ছাত্রীটির বড় ভাই ধর্ষণচেষ্টার মামলা করেছেন।এবং আটককৃত যুবককে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় ‘কিশোর-কিশোরী ক্লাবের’ ক্রীড়া ও বাদ্যযন্ত্র বিতরণ

কুষ্টিয়া সদর উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ‘কিশোর-কিশোরী ক্লাব’ স্থাপন প্রকল্পের আওতায় পরিচালিত ক্রীড়া সামগ্রী ও বাদ্যযন্ত্র বিতরণ করা হয়েছে।

সোমবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলার ১৩টি ক্লাবে এসব সামগ্রী বিতরণ করা হয়।
উপজেলা মহিলা বিষয়ক অধিদফতরের আয়োজনে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সাধন কুমার বিশ্বাসের সভাপতিত্বে এসময় আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মর্জিনা

খাতুন, জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিক, ক্লাব কো- অর্ডিনেটর, জেন্ডার প্রমোটরসহ সংগীত শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

পরে উপজেলার ১৩টি ইউনিয়নে ১৩টি ‘কিশোর-কিশোরী ক্লাবে’ হারমোনিয়াম, তবলা, কেরামবোর্ড, দাবা সেট, লুডু সেট ও করোনার সুরক্ষা সামগ্রী হিসেবে হ্যান্ডস্যানিটাইজার, মাস্ক তুলে দেন।

আলমডাঙ্গায় বিয়ের প্রলোভনে ধর্ষণ, আটক-১

আলমডাঙ্গায় বিয়ের প্রলোভন দেখিয়ে স্বামী পরিত্যক্তাকে ধর্ষণের অভিযোগে সালাম (২৯) গ্রেফতার করেছে পুলিশ। সোমবার আলমডাঙ্গা শহর থেকে গোপন সংবাদের ভিত্তিতে তাকে আটক করে।

আটকৃত ধর্ষক আব্দুস সালাম আলমডাঙ্গা হারদি ইউনিয়নের প্রাগপুর গ্রামের ইয়াছিন আলি মাস্টারের ছেলে।

এজাহার সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের বড়বোয়ালিয়া গ্রামের লিয়াকত আলির মেয়ের স্বামী গত কয়েক বছর পূর্বে মারা যায়। এরই কারণে ওই মেয়ে তার পিতার বাড়ি বড়বোয়ালিয়া গ্রামে বসবাস শুরু করে।

প্রাগপুর গ্রামের ইয়াছিন আলি মাস্টারের ছেলে আব্দুস সালামের নানা বাড়ি বড়বোয়ালিয়ায়। তাদের দুজনের বাড়ি পাশাপাশি হওয়ায় সালামের সাথে স্বামী হারা ওই মেয়ের সাথে পরিচয় হয়। সালাম গোপনে ওই মেয়ের মোবাইল নম্বর সংগ্রহ করে প্রেম সম্পর্ক গড়ে তোলে।

স্বামীহারা ওই মেয়ের সাথে বিয়ের প্রলোভন দিয়ে বিভিন্ন সময় দৈহিক সম্পর্ক গড়ে তোলে। দীর্ঘদিন গোপনে শারীরিক সম্পর্ক গড়ে তোলার পর ওই মেয়ে আব্দুস সালামকে বিবাহের জন্য জানানো হলে সে বিভিন্ন টালবাহানা করতে থাকে। গত কয়েক দিন পূর্বে আবারো সে জোরপূর্বক শারীরিক সম্পর্ক গড়ে তোলে।

এ ঘটনায় ওই স্বামীহারা মেয়ে আলমডাঙ্গা থানায় হাজির হয়ে আব্দুস

সালামের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন আইনে ধর্ষণ মামলা দায়ের করে।

আলমডাঙ্গায় মেয়র কাপ ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় মেয়র কাপ ফুটবল টুর্ণামেন্ট অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৬ আগস্ট) বিকেল ৪টার দিকে এরশাদপুর হাইস্কুল মাঠে মেয়র কাপ টুর্ণামেন্টের শুভ উদ্বোধন করেন আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু।
ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র হাসান কাদির গনু বলেন, এই টুর্নামেন্টের আয়োজন ছিল আমার নির্বাচনী অঙ্গীকার। যুব সমাজ ধংসের হাত থেকে রক্ষা পেতে হলে খেলায় গুরুত্ব দিতে হবে।

লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করলে মন-মানসিকতা অনেক ভালো হয়। সকলকে খেলায় মন দিতে হবে।

মেয়র কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, বিশেষ অতিথি ছিলেন এরশাদপুর ৫নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল গাফ্ফার, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, ক্রিয়া সম্পাদক বাবলুর রহমান, আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ সামিম রেজা, এরশাদপুর হাইস্কুলের প্রধান শিক্ষক সামিম হোসেন, আবুল কালাম আজাদ, সাবেক গোস্বামী দুর্গাপুর ইউনিয়নের চেয়ারম্যান মোল্লা জাফরউল্লাহ, রাজাবুল হক মনা।

এছাড়াও আলমডাঙ্গা মেয়র কাপ ফুটবল টুর্ণামেন্টের আয়োজক হিসাবে উপস্থিত ছিলো রুহুল, মানিক, রাজু, সিহাব, আশিক, সাইফুল, স্বাধীন, সুজন,

টুর্নামেন্টে পর্যায়ক্রমে ১৬টি দল অংশগ্রহণ করবে। প্রতিদিন দুইটি করে দলের খেলা হবে। উদ্বোধনী দিনে পৌর এলাকার স্টেশন পাড়ার এসএম বনাম কুমারি ইউনিয়নের কুমারি স্পোর্টিং ক্লাব দলের মধ্যে

খেলা হয়।

---

# গাংনীর ধলা ক্যাম্পের এসআই নজরুলের বিরুদ্ধে অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের মিলন (৩০) কে গ্রেপ্তার করেছে গাংনী ধলা ক্যাম্প পুলিশের একটি টীম। সোমবার সকালে এসআই নজরুল ইসলাম ও সঙ্গীয় ফোর্স তাকে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে। মিলন ওই গ্রামের আব্দুল বারির ছেলে। এদিকে মিলনকে ছাড়তে তার পিতার কাছে একলাখ টাকা দাবী করেন এসআই নজরুল ইসলাম। এমন অভিযোগ করেন মিলনের পিতা আব্দুল বারি।

আব্দুল বারি জানান, ঘটনার সময় তার ছেলে বাড়িতে অবস্থান করছিল। হঠাৎ এসআই নজরুল ও সঙ্গীয় ফোর্স মোটর সাইকেল যোগে এসে মিলনকে ধরে ফেলে চোখ বেঁধে নিয়ে ক্যাম্পে নিয়ে যায়। কি কারণে ধরা হচ্ছে জিজ্ঞাসাবাদ করলে কোন উত্তর না দিয়ে আমাদের ধলা ক্যাম্পে যেতে বলেন। সেখানে গেলে আমার কাছে এক লাখ টাকা দাবী করেন এসআই নজরুল ইসলাম। আমি একজন দিনমজুর। আমার ছেলে মিলন একজন পাখি ভ্যান চালক। লকডাউনে বাইরে বের হতে না পারায় ছেলে মেয়ে মানবেতর জীবন যাবন করে মিলন। আমি এক লাখ টাকা দিতে অপারগতা প্রকাশ করলে এসআই নজরুল আমার ছেলে মিলনকে ছিনতাইকারী হিসেবে কোর্টে চালান দেয়ার কথা বলে। মিলনকে দুপুরে খাওয়াবে বলেও আমার কাছ থেকে নেন ১০০ টাকা। আমার ছেলের বিরুদ্ধে মামলা আছে কিনা তা জানাতে চাইলে আমাকে ধমক দিয়ে তাড়িয়ে দেন ওই পুলিশ।

এ ব্যাপারে এসআই নজরুলের কাছে মিলনকে গ্রেপ্তার বিষয়ে জানতে চাওয়া হলে তিনি জানাতে অপারগতা প্রকাশ করেন। সেই সাথে মিলনের পিতার কাছে টাকা চাওয়ার বিষয়টি অস্বীকার করে বলেন, অনেকে অনেক কথা বলবে তাতে কান দিলে চলে না।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান জানান, গেল জানুয়ারী মাসে কালিগাংনীর মাঠ থেকে একটি মোবাইল ছিনতাইয়ের ঘটনা ঘটে। উক্ত মোবাইল ছিনতাইয়ের ঘটনায় ইতোমধ্যে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তার দেয়া স্বীকারোক্তি মোতাবেক মিলনকে গ্রেপ্তার করা হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম জানান, গ্রেপ্তারের বিষয়টি তিনি জানেন না। কি কারণে গ্রেপ্তার করা হয়েছে এবং টাকা চাওয়ার বিষয়টি তিনি খতিয়ে দেখে ব্যবস্থা নেবেন।

চুয়াডাঙ্গা গলায় দড়ি সেতু যেন মৃত্যর ফাঁদ, ডেটিং ভেঙ্গে ১ ঘন্টা যান চলাচল বন্ধ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জেলার দর্শনা টু মুজিবনগর সড়কের গলাই দড়ি ব্রীজটা যেন মৃত্যর ফাঁদে পরিনত হয়েছে।গত ৬ আগষ্ট শুক্রবার রাতে ১০ চাকার সিমেন্ট ভর্তি ট্র্যাকটি গলাইদড়ি ব্রীজের উপর দিয়ে গেলে ব্রীজটির ডেটিং ভেঙ্গে যায়। এই ক্ষতিগ্রস্ত ব্রীজটির ধারন ক্ষমতা মাত্র ১০ টন যে কোন সময় ব্রীজটি ভেঙ্গে মৃত্যর ফাঁদে পরিণতি হতে পারে। ব্রীজটি প্রায় ১১১ মিটার লম্বা প্রতিদিন গড়ে প্রায় দর্শনা মুজিবনগর সড়কে ঢাকা কোচ ২০ টি ১০ চাকার ট্র্যাক অগন্তি ছোট খাটো গাড়ির অভাব নেই। ব্রীজটির মেরামতের কাজ দাসারা ভাবে চলছে বলে অভিযোগ তুলছে সাধারন মানুষ।ব্রীজটি জুড়া তালি দিয়ে লম্বালম্বি ভাবে ব্রীজটির মাঝ দিয়ে মোটর সাইকেলের চাকা এই সংযোগের মধ্যে পড়লেই চালক ভারসাম্য হারিয়ে ফেলেন।অনেক সময় স্লিপ কাটলেই নিয়ন্ত্রণ হারান চালক। ব্রীজটি ভালো করে মেরামত না করলে যে কোন সময় ঘটে যেতে পারে বড় ধরনের দৃর্ঘটনা।

ঝিনাইদহে সাবেক প্রতিমন্ত্রী ও

এমপি আব্দুল হাই করোনায় আক্রান্ত

ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ শৈলকূপা ১ আসনের জাতীয় সংসদ সদস্য আব্দুল হাই করোনায় আক্রান্ত হয়েছেন। তিনি ঢাকার স্কয়ার হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন। তার সুস্থতা কামনা করে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে বিবৃতি দেওয়া হয়েছে।

পারিবারিক ও দলীয় সূত্রে জানা যায়, গত কয়েকদিন ধরে বাসায় জ্বর ও কাশিতে ভুগছিল। গতকাল তার করোনার নমূনা পরীক্ষা করালে রিপোর্ট পজিটিভ আসে।বর্তমানে তিনি বেসরকারী হাসপাতালে চিকিৎসা সেবা নিচ্ছেন।
পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে তার শারীরিক অবস্থা আগের চাইতে অনেক ভালো। তার সুস্থতার জন্য সকলের কাছে দোয়া ও প্রার্থনা চেয়েছেন।

এদিকে সাবেক মৎস্য ও প্রাণী সম্পদ প্রতিমন্ত্রী ও এমপি আব্দুল হাইয়ের সুস্থতা কামনা করে বিবৃতি দিয়েছেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, যুগ্ন সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, সহ-সভাপতি মকবুল হোসেন, ইসমাইল হোসেন, সাংগঠনিক সম্পাদক এম এ হাকিম, জেলা আওয়ামীলীগের নেতা সদর উপজেলা চেয়ারম্যান আব্দর রশিদ, জেলা আওয়ামীলীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, শৈলকুপা উপজেলা আওয়ামীলীগের আহবায়ক মতিয়ার রহমান বিশ্বাস, যুগ্ন আহবায়ক সরোয়ার জাহান বাদশা, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল সহ নেতৃবৃন্দ।

বিবৃতিতে তারা বলেন, বর্ষীয়ান আওয়ামীলীগ নেতা আব্দুল হাই এমপি করোনায় আক্রান্ত হওয়ায় দ্রুত তার সুস্থতা কামনা করেছেন। আল্লাহ রাব্বুল আলামিন যেন তার দ্রুততার সহিত আরোগ্য লাভ করে সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসে মানুষের সেবা করার তাওফিক দান করেন।